



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি (শোক বার্তা)

মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনির মা ও ভাষা সৈনিক মরহুম এম এ ওয়াদুদের স্ত্রী
রহিমা ওয়াদুদের মৃত্যুতে জাবি উপাচার্যের শোক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৬ মে ২০২৩।

মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনির মা ও ভাষা সৈনিক মরহুম এম এ ওয়াদুদের স্ত্রী রহিমা ওয়াদুদের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম।



আজ এক শোক বার্তায় উপাচার্য বলেন, রহিমা ওয়াদুদের মৃত্যুতে জাতি একজন স্বনামধন্য শিক্ষাবিদকে হারালো। উপাচার্য তাঁর শোক বার্তায় আরও বলেন, রহিমা ওয়াদুদের মৃত্যুতে মাননীয় শিক্ষামন্ত্রী তাঁর প্রিয় অভিভাবককে হারিয়েছেন। এ শূন্যতা পূরণ হবার নয়। উপাচার্য প্রয়াত রহিমা ওয়াদুদের আত্মার মাগফেরাত কামনা করে তাঁর পরিবারের সদস্যদের প্রতি শোক ও সমবেদনা প্রকাশ করেন।

উল্লেখ্য, রহিমা ওয়াদুদ আজ বেলা ১২টার দিকে রাজধানীর কলাবাগানে নিজ বাসভবনে মৃত্যুবরণ করেন।
ইন্নালিল্লাহি----রাজিউন।

Mohammad Mahiuddin

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

